

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের
“ব্যক্তিগত কর্মকর্তা” (১০ম গ্রেড) পদের
মৌখিক পরীক্ষা।

নং-৮০.০০.০০০০.৩০১.১১.০০১.(অংশ-১)২৬-১৮৯

বিজ্ঞপ্তি

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ
২০ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : সাধারণ পূলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগের “ব্যক্তিগত কর্মকর্তা” (১০ম গ্রেড) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচী।

সাধারণ পূলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগের ১০ম গ্রেডের “ব্যক্তিগত কর্মকর্তা” পদে (বিজ্ঞপ্তির তারিখ: ২৬.০৬.২০২৩; বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৪৯) সরাসরি নিয়োগের জন্য অনুষ্ঠিত বাছাই, লিখিত ও ব্যবহারিক (সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর) পরীক্ষায় উত্তীর্ণ এবং যোগ্য ১১ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে:

পদের নাম	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞপ্তি তারিখ: ২৬.০৬.২০২৩; নং-৪৯)	১১.০৬.২০২৬ (বৃহস্পতিবার) সকাল ১০:০০টা	001774 002174 002700 004021 005282 005807 006389 007972 008029 013100 800423=১১ জন।

০২. “ব্যক্তিগত কর্মকর্তা” পদের প্রার্থীদের বাছাই/লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

০৩. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের অতিরিক্ত ০২ সেট BPS Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে:

- ক. প্রবেশপত্রের কপি;
- খ. BPS Form-5A (Applicant's Copy);
- গ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
- ঘ. অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি; [প্রযোজ্য ক্ষেত্রে];
- ঙ. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; “ও” লেভেল এবং “এ” লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ পত্র জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
- চ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি; [প্রযোজ্য ক্ষেত্রে]
- ছ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি;
- জ. সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি;


৩০

ক্রমশ/২

- বা. ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঞ্জন ছবি;
- এ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরস্বাক্ষর সন্তানদের মুক্তিযোদ্ধা সনদ; [প্রযোজ্য ক্ষেত্রে]
- ট. ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অপক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ; [প্রযোজ্য ক্ষেত্রে]
- ঠ. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ/পরিচয়পত্র; [প্রযোজ্য ক্ষেত্রে]
- ড. তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্র; [প্রযোজ্য ক্ষেত্রে]
- ঢ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;
- ণ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
- ত. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার অপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

০৪. **অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।**
০৫. প্রত্যেক সত্যায়িত ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্ট দাখিল করতে ব্যর্থ হলে কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।
০৬. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারির সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।
০৭. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের আধা ঘণ্টা (৩০মিনিট) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।
০৮. কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


2010012026
[দিলোয় মেজ দুরদানা]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]